# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) আসাম সরকারের 'বিকাশের বারো দিন' শীর্ষক কার্যসূচীর অংশ হিসেবে আজ রাজ্যের বেশকয়েকটি জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যসূচী সহ বিভিন্ন প্রকল্পের অনুদান বিতরণ/ কাছাড় জেলার এই অনুষ্ঠানে রাজ্যের নতুন দায়িত্ব প্রাপ্ত মন্ত্রী কৃষ্ণেন্দু পালের অংশগ্রহণ/

(২) রাজ্যসরকারের খাদ্য, গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের আওতায় নতুন রেশন কার্ড বিতরণের প্রথম পর্যায়ের কার্যসূচীর আগামীকাল সূচনা/

(৩) লোকসভায় আগামী সোমবার 'এক দেশ এক নির্বাচন' সম্পর্কিত দুটি বিল উত্থাপন/

এবং

(৪) আসাম-ত্রিপুরা সীমান্তের চুরাইবাড়িতে আজ ড্রাগ্‌স সরবরাহকারী একটি লরির তলায় চাপা পড়ে আসাম পুলিশের একজন কনস্টেবলের মৃত্যু/ কুড়ি হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত/

---

আসাম সরকারের 'বিকাশের বারো দিন' শীর্ষক কার্যসূচীর অংশ হিসেবে আজ রাজ্যের বেশকয়েকটি জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যসূচীর পাশাপাশি বহু প্রকল্পের সাহায্য ও

অনুদান বিতরণ করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ গোলাঘাট জেলায় আয়োজিত এক অনুষ্ঠানে উপস্থিত থেকে আসাম মাইক্রো ফাইন্যান্সে উৎসাহ প্রদান প্রকল্পের আওতায় তৃতীয় শ্রেণীর পাঁচ হাজার ১১৯ জন ঋণগ্রস্তকে ঋণ রেহাইয়ের প্রমাণ পত্র বিতরণ করা হয়েছে ।

এই উন্নয়ন যাত্রার অংশ হিসেবে আজ শিলচরের গান্ধীমেলা ময়দানে ‘বিকাশ যাত্রা’র বারো দিনের কার্যসূচীর সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয় । এই অনুষ্ঠানের মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করে রাজ্যের নবনিযুক্ত মৎস্য, পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল তাঁর বক্তব্যে রাজ্যের স্বনির্ভরতার লক্ষ্য ও গ্রামীণ এলাকায় ক্ষমতায়নের উপর গুরুত্ব আরোপ করেন । তিনি আসামকে মৎস্য ও দুগ্ধ উৎপাদনে স্বয়ংস্সম্পূর্ণ করার লক্ষ্যে রাজ্যসরকার কাজ করে যাচ্ছে বলে জানান । এছাড়া এই দুই ক্ষেত্রে রাজ্যকে রপ্তানিকারক হিসেবে তুলে ধরার প্রয়াস করা হচ্ছে বলেও তিনি উল্লেখ করেন । এই অনুষ্ঠানে ১ হাজার ৮৩৪ জন এ এম আই আর এস সুবিধা প্রাপককে নো-ডিউস সার্টিফিকেট এবং ৩৫৪ জন উদ্যমীকে প্রধানমন্ত্রী ক্ষুদ্র খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের আওতায় সহায়তা প্রদান করা হয়েছে । এছাড়া দুর্যোগ কবলিত ২৫৬টি পরিবারকে তাৎক্ষণিকভাবে সহায়তা প্রদান করা হয়েছে । অনুষ্ঠানে তিন বিধায়ক- দীপায়ন চক্রবর্তী, মিহির কান্তি সোম ও নীহার রঞ্জন দাস উপস্থিত ছিলেন ।

---

রাজ্য সরকারের খাদ্য , গনবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের অধীনে আগামীকাল নতুন বিধানসভা এলাকা ভিত্তিতে আনুষ্ঠানিকভাবে নতুন রেশন কার্ড বিতরণের প্রথম পর্যায়ের কার্যসূচীর আয়োজন করা হয়েছে । কামরুপ মহানগরের দুটি বিধানসভা আসনের জন্য সরুসাজাই ষ্টেডিয়ামে এ উপলক্ষে আয়োজিত কার্যসূচীতে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সহ খাদ্য ও গনবন্টন মন্ত্রী কৌশিক রাই উপস্থিত থাকবেন । খাদ্য সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষে প্রদান করা এই নতুন রেশন কার্ডগুলির মাধ্যমে জনসাধারণ বিভিন্ন ধরণের সুবিধা লাভ করবেন ।সেই অনুযায়ী অন্তদ্যয় অন্ন যোজনার রেশন কার্ডপ্রাপ্ত পরিবার প্রতিমাসে ৩৫ কিলোগ্রাম করে ও প্রতিটি অগ্রাধিকারপ্রাপ্ত রেশন কার্ড থাকা পরিবারের প্রতিজন সদস্য মাসে ৫ কিলোগ্রাম করে বিনামূল্যে চাল লাভ করবে । একইভাবে বর্তমানে রন্ধন গ্যাসের সংযোগ না থাকা রেশন কার্ডপ্রাপ্ত পরিবার প্রধানমন্ত্রী উজ্জ্বল যোজনার অধীনে বিনামূল্যে রন্ধন গ্যাসের সংযোগ লাভ করবে । এছাড়া এধরণের সুবিধাপ্রাপ্ত লোকেরা প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা ও আয়ুষ্মান আসাম মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে বছরে ৫ লক্ষ টাকা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসা সেবার সুবিধা লাভ করবে ।

---

এদিকে শ্রীভূমি জেলার চারটি বিধানসভা কেন্দ্রে আগামীকাল সকাল ১১ টায় আনুষ্ঠানিকভাবে খাদ্য সুরক্ষা যোজনার অধীনে নতুন রেশন কার্ড বন্টন করা হবে । এতে পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের রেশন কার্ড বিতরণ অনুষ্ঠান মুন্ড মালা খেলার মাঠে অনুষ্ঠিত হবে । অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা , মৎস্য ও পূর্ত বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল । রামকৃষ্ণনগর বিধানসভার অনুষ্ঠান দুল্লভছড়ার পাতি ময়দানে অনুষ্ঠিত হবে । এতে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক বিজয় মালাকার । উত্তর করিমগঞ্জ বিধানসভার অনুষ্ঠান নীলমনি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত হবে । এতে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ এবং শ্রীভূমি পৌরসভার পৌরপতি রবীন্দ্র চন্দ্র দেব । দক্ষিণ করিমগঞ্জ বিধানসভার নতুন রেশন কার্ড বিতরণ অনুষ্ঠান নিলাম বাজারের এস ভি বিদ্যানিকেতন এইচ এস স্কুলের খেলারমাঠে অনুষ্ঠিত হবে । এতে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক সিদ্দেক আহমেদ । অনুষ্ঠানে সংশ্লিষ্ট সুবিধা প্রাপকদের উপস্থিত থাকতে শ্রীভূমি জেলা প্রশাসন থেকে আহ্বান জানানো হয়েছে ।

---

লোকসভায় আগামী সোমবার এক দেশ এক নির্বাচন সম্পর্কে দুটি বিল উত্থাপন করা হবে । কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘোয়াল সংবিধান (১২৯ তম সংশোধনী ) বিল ও কেন্দ্র শাসিত অঞ্চল আইন (সংশোধনী ) বিল লোকসভায় উত্থাপন করবেন ।

সম্প্রতি সরকার সমগ্র দেশে একইসময়ে নির্বাচন অনুষ্ঠিত করার জন্য এক দেশ এক নির্বাচন ব্যবস্থা সম্পর্কে বিচার বিবেচনার জন্য গঠন হোয়া উচ্চ পর্যায়ের সমিতির প্রস্তাব গ্রহণ করে । প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের পৌরহিত্যে গঠন করা এই উচ্চ পর্যায়ের সমিতিটি রাজনৈতিক দলের নেতা ও বিশেষজ্ঞরা সহ অন্যান্য অংশীদারদের সংগে এসম্পর্কে বিস্তারিত আলোচনা করে।

এক দেশ এক নির্বাচন ব্যবস্থা দুটি পর্যায়ে রুপায়ন করা হবে । প্রথম পর্যায়ে লোকসভা ও বিধানসভার নির্বাচন এক ইসংগে অনুষ্ঠিত হবে পরবর্তী পর্যায়ে পঞ্চায়েত ও পৌরসভার মতো স্থানীয় সংস্থাগুলির নির্বাচন অনুষ্ঠিত হবে । তবে সাধারণ নির্বাচনের ১০০ দিনের মধ্যে পরবর্তী পর্যায়ের নির্বাচন অনুষ্ঠিত হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুনদিল্লীতে আয়োজিত মুখ্য সচিবদের চতুর্থ জাতীয় সমারোহে পৌরহিত্য করেছেন । তিনদিনব্যাপী এই সমারোহ গতকাল থেকে শুরু হয়েছে

।সমারোহে রাজ্যগুলির সহযোগীতায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের রুপায়ন সম্পর্কে পর্যালোচনা করা হবে । কেন্দ্রীয় সরকারের সংগে রাজ্য সরকারগুলির অংশীদারিত্ব শক্তিশালী করে তোলার লক্ষ্য গ্রহণ করা সহ সমারোহে সহযোগীতামূলক যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় আলোকপাত করা হবে ।এছাড়া দ্রুত বিকাশ ও উন্নয়নের লক্ষে উপনীত হোয়ার জন্য কেন্দ্র - রাজ্যের অধিক সমন্বয়ের ওপর গুরুত্ব
দেওয়া হবে ।মুখ্যসচিবদের প্রথম জাতীয় সমারোহ ২০২২ সালের জুন মাসে হিমাচল প্রদেশের ধরমশালায় অনুষ্ঠিত হয়েছিল ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ,সংবিধানের আদর্শে সবকা সাথ সবকা বিকাশ সবকা বিশ্বাস মন্ত্রে কাজ করছেন ।লোকসভায় চলা সংবিধানের ৭৫ তম বছরের গৌরমময় যাত্রা বিষয়ক দুদিনব্যাপী আলোচনায় আজ সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু একথা বলেন । গতকাল থেকে অনুষ্ঠিত এই আলোচনায় অংশ নিয়ে শ্রী রিজিজু সংবিধান প্রণেতা ড: ভীমরাও আম্বেদকরের অবদানের কথা স্মরণ করেন ।তিনি বলেন যে স্বাধীনতার পর দেশে সকলের সমান আধিকারলাভ করা সুনিশ্চিত করা হয়েছে ।সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেরা দেশে কোনোধরণের বৈষম্যের শিকার হয়নি বলে উল্লেখ করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে তাদেরকে দেশে আইনী সুরক্ষা প্রদান করা হয়েছে ।তিনি উল্লেখ করেন যে দেশে ছটি সংখ্যালঘু সম্প্রদায়ের কল্যাণের জন্য বেশ কিছু প্রকল্প রুপায়ন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম-ত্রিপুরা সীমান্তের চুরাইবাড়ি এলাকায় আজ এক ভয়ঙ্কর দুর্ঘটনায় ড্রাগ্স সরবরাহকারী একটি লরির চালক তার ড্রাগ্স বোঝাই গাড়িটি নিয়ে পালিয়ে যাবার সময়ে আসাম পুলিশের একজন কর্তব্যরত কনস্টেবলকে গাড়ির চাকার তলায় পিষে পালিয়ে যায় । শ্রীভূমি জেলার আসাম-ত্রিপুরা সংযোগী আট নম্বর জাতীয় সড়কে এই মর্মান্তিক দুর্ঘটনাটি সংঘটিত হয়েছে । নিহত পুলিশ জওয়ানের নাম উজ্জ্বল বরা । মৃত উজ্জ্বলের বাড়ি যোরহাটে বলে জানা গেছে । এদিকে দুর্ঘটনাটি সংঘটিত হবার পর লরিটিকে পুনরায় আটক করা সম্ভব হয়েছে । এবং এর থেকে কুড়ি হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করা হয়েছে । বাজেয়াপ্ত করা এই নেশাজাত দ্রব্যের বাজার মূল্য প্রায় চারকোটি টাকা । উল্লেখ্য- শ্রীভূমি জেলার বাজারিছড়া থানা এলাকার পানহাটিতে থাকা পুলিশের নাকা চেকিঙের সময়েই দুর্ঘটনাটি ঘটে। পরে প্রায় ৩০ কিলোমিটার দূরে রামকৃষ্ণ নগর থানা এলাকার নিভিয়াতে লরিটি পুনরায় দুর্ঘটনার কবলে পড়ে । ঐ দুর্ঘটনাস্থল থেকেই গাড়ির চালক ও সহযোগীকে গ্রেপ্তার করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার বোয়ালিপারের ডঃ শশীভূষণ ইনস্টিটিউট অব এডুকেশনে আজ আনন্দরাম বরুয়া , বানীকান্ত কাকতি এবং প্রজ্ঞান ভারতী প্রকল্পের অধীনে মেধাবী ছাত্রছাত্রীদের চেক , স্কুটি এবং সাইকেল বিতরণ করা হয় ।অনুষ্ঠানে বরাক উপত্যাকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই ছাত্রছাত্রীদের হাতে এই পুরস্কার তুলে দেন ।উল্লেখ্য এবছর হাইলাকান্দি জেলার নবম ও দশম শ্রেণীর ৬ হাজার ৭৮০ জন ছাত্রছাত্রীকে সাইকেল , বানীকান্ত কাকতি পুরস্কারের অধীনে ৭৩০ জন ছাত্রছাত্রীকে স্কুটি এবং আনন্দরাম বরুয়া পুরস্কারের অধীনে ৫৫৯ জন ছাত্রছাত্রীকে নগদ অর্থ প্রদান করা হচ্ছে ।অনুষ্ঠানে জেলা আয়ুক্ত নির্সর্গ হিভারে গৌতম , বিধায়ক জাকির হুসেন লস্কর প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমি জেলায় পঞ্চায়েত নির্বাচন ২০২৫ এর খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে ।২০২৪ সালের পয়লা জানুয়ারীকে ভিত্তি করে আসাম রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশে এই তালিকা প্রস্তুত করা হয়েছে ।এই খসড়া ভোটার তালিকা আসাম রাজ্য নির্বাচন কমিশনের ওয়েবসাইট sec.assam.gov.in // ermssec.assam.gov.in এ পাওয়া যাচ্ছে ।আজ থেকে ২১ শে ডিসেম্বর পর্যন্ত দাবী আপত্তি দাখিল করা যাবে ।২২ ডিসেম্বর থেকে ২৬ শে ডিসেম্বর পর্যন্ত দাবী আপত্তি নিষ্পত্তি করা হবে ।শ্রীভূমি জেলায় পঞ্চায়েত নির্বাচনের খসড়া ভোটার তালিকায় মোট ভোটারের সংখ্যা হচ্ছে ৭ লক্ষ ৩৫ হাজার ৯৩৭ । এর মধ্যে ৩ লক্ষ ৭৪ হাজার ৪৫৩ জন পুরুষ ভোটার , ৩ লক্ষ ৬১ হাজার ৪৬৬ জন মহিলা ভোটার এবং ১৮ জন তৃতীয় লিংগের ভোটার রয়েছেন ।

---

হাইলাকান্দি জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে জেলা আদালত প্রাঙ্গনে আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে ।আইনসেবা কর্তৃপক্ষের সম্পাদক বিদ্যাব্রত আচার্য জানান যে আজ অনুষ্ঠিত লোক আদালতে বেংক ঋণ , বিদ্যুৎ বিল , মোটর দূর্ঘটনা ইত্যাদি সংক্রান্ত বিষয়ে প্রায় ৬ হাজার মামলা নিষ্পত্তির জন্য নথিভূক্ত করা হয়েছে ।

---

যুব সম্প্রদায়ের সবলীকরণ, সচেতনতা এবং ঐক্যের বার্তা ছড়িয়ে দেওয়ার উদ্দেশ্যে আগামীকাল শ্রীভূমি জেলায় বিজয় দিবস উপলক্ষে এক পদযাত্রার আয়োজন করা হয়েছে । কেন্দ্রীয় সরকারের যুব বিষয়ক এবং ক্রীড়া বিভাগের ব্যবস্থাপনায় এবং রাজ্য

সরকারের ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগ ও শ্রীভূমি জেলা প্রশাসনের সহযোগিতায় আগামীকাল সকাল দশটায় শ্রীভূমি জেলার আকবরপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র প্রাঙ্গণ থেকে বিজয় দিবস উপলক্ষে এক পদযাত্রা আরম্ভ হবে । সাত কিলোমিটার অতিক্রম করে এই পদযাত্রা সূতারকান্দির ল্যান্ড পোর্টের সামনে বেলা একটায় গিয়ে পৌঁছুবে । সেখানে এই পদযাত্রার সমাপ্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হবে । এরপর বেলা দুটোয় শ্রীভূমি শহরের ডাকবাংলো রোডের চমনলাল গুপ্তা স্মৃতিসৌধে আনুষ্ঠানিকভাবে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হবে । এই অনুষ্ঠানে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ, লোকনির্মাণ(ভবন) ইত্যাদি বিভাগের মন্ত্রী নন্দিতা গারলোসা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়া নতুন দায়িত্বপ্রাপ্ত রাজ্যের দুই মন্ত্রী কৌশিক রাই এবং কৃষ্ণেন্দু পাল, সাংসদ, বরাক উপত্যকার সব বিধায়ক, বিভিন্ন বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদের এই অনুষ্ঠানে উপস্থিত থাকার কথা রয়েছে । বিজয় দিবস উপলক্ষে আয়োজিত আগামীকালের এই পদযাত্রায় এন এস এস’এর ভলান্টিয়াররা, এন সি সি ক্যাডাররা, নেহরু যুবকেন্দ্র সংগঠনের অন্তর্গত বিভিন্ন ক্লাবের যুবক-যুবতী, স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যগণ খেলোয়াড়, ছাত্রছাত্রী সহ জনসাধারণকে অংশগ্রহণ করছেন । এই পদযাত্রায় অংশগ্রহণের জন্য ইতিমধ্যে ‘মাই ভারত’ পোর্টালের মাধ্যমে ১৫ থেকে ২৯ বছর বয়সের যুবক-যুবতীদের ব্যাপক সংখ্যক রেজিস্টরেশন জমা পড়েছে বলে শ্রীভূমি জেলার তথ্য ও জনসংযোগ সূত্রে জানানো হয়েছে ।

এদিকে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী নন্দিতা গারলোসা আজ শ্রীভূমি এসে পৌঁছার কথা রয়েছে । তিনি আজ সেখানেই রাত্রি যাপন করে আগামীকালের বিজয় দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন ।

---